# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮৪

পর্ব-8: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

## আরবী

وَعَن أبي قَتَادَة قَالَت: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَؤُمُّ النَّاسَ وَأُمَامَةُ بِنْتُ أَبِي الْعَاصِ عَلَى عَاتِقِهِ فَإِذَا رَكَعَ وَضَعَهَا وَإِذَا رَفَعَ مِنَ السُّجُودِ أَعَادَهَا

## বাংলা

৯৮৪-[৭] আবূ ক্বাতাদাহ্ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে লোকজন নিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) পড়াতে দেখেছি। এমতাবস্থায় নাতনি উমামাহ্ বিনতু আবুল ’আস তখন তাঁর কাঁধে থাকত। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন রুকূ’তে যেতেন উমামাকে নিচে নামিয়ে রাখতেন। আবার যখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) সিজদা্ (সিজদা/সেজদা) হতে মাথা উঠাতেন, তাকে আবার কাঁধে উঠিয়ে দিতেন। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৯৯৬, মুসলিম ৫৪৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: শিক্ষণীয় দিক হল-

কোন ব্যক্তি যদি সালাতরত অবস্থায় কোন মানুষ অথবা কোন পবিত্র পশু বহন করে তা হলে সালাত বিনষ্ট হয় না।

শিশুর শরীর ও তার কাপড় পবিত্র যতক্ষণ না তার মধ্যে অপবিত্র জিনিস না পাওয়া যাবে।

অল্প কাজ দ্বারা সালাত (সালাত/নামায/নামাজ) ভঙ্গ হয় না।

কোন কাজ ধারাবাহিকভাবে না করে যদি তা একাধিকবার করা হয় তাতেও সালাত ভঙ্গ হয় না।

শিশু ও দুর্বলদের প্রতি নম্রতা প্রদর্শন ও দয়া প্রদর্শন ইসলামী বিধানের অন্তর্গত।

শিশুদের মসজিদে নেয়া বৈধ।

শিশু বালক বা বালিকা যেই হোক তাকে সালাতরত অবস্থায় বহন করা বৈধ। সালাত ফরযই হোক বা নফল হোক এতে কোন পার্থক্য নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন